

# বণিক বার্তা

ফেব্রুয়ারি ১৮, ২০১৫

## হরতাল-অবরোধ বন্ধে আইনি পদক্ষেপে যাবেন ব্যবসায়ীরা

নিজস্ব প্রতিবেদক ■

হরতাল-অবরোধ বন্ধে আইনি পদক্ষেপে যাচ্ছেন ব্যবসায়ীরা। গতকাল মঙ্গলবার বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ) কার্যালয়ে এক সভায় এমন সিদ্ধান্ত নেন সব খাতের ব্যবসায়ীরা।

সম্প্রতি বিজিএমইএ, বিকেএমইএ ও বিটিএমএর সমন্বিত উদ্যোগে সব খাতের ব্যবসায়ীদের প্রতীকী অনশন কর্মসূচি পালন করা হয়। ওই কর্মসূচি শেষে পরবর্তী পদক্ষেপ নির্ধারণে দুটি কমিটি গঠন করা হয়। এর মধ্যে একটির সভা গতকাল বিটিএমএ কার্যালয়ে অনুষ্ঠিত হয়। এ কমিটির নেতৃত্ব দিচ্ছেন বিজিএমইএর সাবেক সভাপতি সফিউল ইসলাম মহিউদ্দিন।

সভা শেষে সফিউল ইসলাম মহিউদ্দিন সাংবাদিকদের বলেন, 'সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়েছে যে, ব্যবসা-বাণিজ্য রক্ষায় হরতাল-অবরোধ বন্ধে আমরা আইনি পদক্ষেপের দিকে যাচ্ছি। এ বিষয়ে আদালতে রিট করব। চলমান রাজনৈতিক অস্থিরতায় ব্যবসার স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। এমন পরিস্থিতি থেকে উত্তরণে সব খাতের ব্যবসায়ীরা এক হয়ে এ সিদ্ধান্ত নিয়েছেন। এটি সম্পূর্ণ অরাজনৈতিক সিদ্ধান্ত। আমরা চাই, চলমান পরিস্থিতির কারণে কোনো শিল্পই যেন রূগ্ন না হয়। আর আর্থিক ক্ষতির বিষয় নিয়ে করণীয় নির্ধারণে আলোচনায় আমাদের আরেকটি কমিটি শিগগিরই সভা করবে।'

আইনি ব্যবস্থা কী হবে, এমন ব্যাখ্যা চাইলে বিজিএমইএর লিগ্যাল অ্যাডভাইজর ইমতিয়াজ মইনুল ইসলাম বলেন, আইনি ব্যবস্থা নেয়া হবে হরতাল-অবরোধ বন্ধে। তবে কী ধরনের রিট হবে, তা চূড়ান্ত করার আগে আইনি ধারাগুলো পর্যালোচনা করা হবে; যাতে কোনো ধরনের ফাঁক থেকে না যায়। আইনি পর্যালোচনায় দুটি বিষয় গুরুত্ব পাবে। কীভাবে আইনি প্রক্রিয়ায় হরতাল-অবরোধ বন্ধ করা যায় এবং ব্যবসায়ীদের যে আর্থিক ক্ষতি হয়, তার জন্য কাকে দায়ী করা হবে, এ বিষয়গুলোই পর্যালোচনা করে সিদ্ধান্ত বাস্তবায়নের দিন-তারিখ নির্ধারণ করা হবে।

গতকাল বিটিএমএ কার্যালয়ে ২ ঘণ্টার বৈঠক শেষে এসব সিদ্ধান্ত জানান দুই কমিটির প্রতিনিধিরা। বিজিএমইএ, বিকেএমইএ, বিটিএমইএসহ সংশ্লিষ্ট প্রায় ৪০টি সংগঠনের প্রতিনিধি নিয়ে প্রাথমিকভাবে ২১ সদস্যের এ পোশাক ও বস্ত্র খাত কমিটি গঠন করা হয়।